



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৯/ ৭৬৬৮

তারিখঃ ২৮ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

বাকেরগঞ্জ ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ সাহেবগঞ্জ, উপজেলাঃ বাকেরগঞ্জ, জেলাঃ বরিশাল-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১৮.০৩.২০১৯ খ্রিঃ তারিখের আবেদনের প্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৫.০৪.২০১৯ খ্রিঃ থেকে ২৪.০৪.২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

- ১। শিক্ষার মানোন্নয়নের জন্য সরকার গৃহীত সকল কার্যক্রম সম্পর্কে শিক্ষকগণের ধারণা কম। এ বিষয়ে প্রতিষ্ঠান প্রধানসহ সকল শিক্ষকগণের সম্মক ধারণা থাকতে হবে।
- ২। গ্রন্থাগারটি পরিপূর্ণ করতে বইয়ের সংখ্যা বৃদ্ধি, নতুন রেজিস্ট্রারে ক্রমানুসারে বইয়ের নাম লিপিবদ্ধকরণ, ডেসপাস রেজিস্ট্রার খোলা এবং বই পড়ায় শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে।
- ৩। শিক্ষকদের শ্রেণিকক্ষে মূল বইয়ের সংখ্যা ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ৪। আইসিটি বিষয়ে শিক্ষক এবং শিক্ষার্থীদের দুর্বলতা থাকায় আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে পর্যায়ক্রমে প্রশিক্ষণের বিষয়টি নিশ্চিত করতে হবে।
- ৫। মাদরাসার পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে শিক্ষক এবং শিক্ষার্থীদের আরো সচেতন করতে হবে।
- ৬। ক্লাসরুমে পার্টিশান প্রদান করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে হবে।
- ৭। প্রতিষ্ঠানের সকল আয় ব্যয়ের হিসাব যথাসময়ে মূল রেজিস্ট্রারে লিপিবদ্ধ করতে হবে। হিসাব রক্ষককে প্রশিক্ষণ দিতে হবে।
- ৮। নির্মিত নতুন ভবনগুলোতে ছাত্রীদের জন্য কমনরুম, টয়লেট এবং আলাদা নামাজের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৯। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে


১২.০৯.১৯

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ


বাকেরগঞ্জ ইসলামিয়া ফাজিল মাদরাসা,
ডাকঘরঃ সাহেবগঞ্জ, উপজেলাঃ বাকেরগঞ্জ, জেলাঃ বরিশাল।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৯/ ৭৬৬৮

তারিখঃ ২৮ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাউশি, আব্দুল গণি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, বাকেরগঞ্জ ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ সাহেবগঞ্জ, উপজেলাঃ বাকেরগঞ্জ, জেলাঃ বরিশাল।
- ৮। অফিস নথি।


১২.০৯.১৯

সেকশন অফিসার
মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়